৭৮
দৈনিক জনকণ্ঠ

তারিখ ...26 JAN.1998 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ১ ......

# এক শ' অনার্স কলেজে সম্মান শ্রেণীতে ভর্তির নতুন নীতিমালা

**জনকণ্ঠ রিপোর্ট**

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত প্রায় এক শ' অনার্স কলেজে সম্মান শ্রেণীতে ভর্তির জন্য পরীক্ষামূলকভাবে নতুন ভর্তি নীতিমালা প্রণয়ন করেছে। দেশের সকল সরকারী ও বেসরকারী অনার্স কলেজে ভর্তির জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে। গত বৃহস্পতিবার প্রায় এক শ' কলেজ অধ্যক্ষ-উপাধ্যক্ষের উপস্থিতিতে অনুষ্ঠিত এক যৌথ সভায় ভর্তি পদ্ধতি চূড়ান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক আমিনুল ইসলাম।

জানা যায়, ভর্তি পরীক্ষা ছাড়া কোন কলেজে এ বছর অনার্সে ভর্তি হওয়া যাবে না। প্রত্যেক শিক্ষার্থীকে এক শ' নম্বরের লিখিত পরীক্ষায় অংশ নিতে হবে। এর মধ্যে যে বিষয়ে অনার্স পড়তে ইচ্ছুক সেটির জন্য ৬০ নম্বরের প্রশ্ন থাকবে। এছাড়া ইংরেজীতে ২০ ও বাংলায় ২০ নম্বর থাকবে। প্রশ্ন হবে এমসিকিউ বা নৈর্ব্যক্তিক টাইপের। এসএসসি এবং এইচএসসিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগপ্রাপ্ত ছাত্রছাত্রীরা অনার্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। লিখিত পরীক্ষায় প্রাপ্তনম্বর এবং এসএসসি ও এইচএসসিতে প্রাপ্ত নম্বরের যথাক্রমে শতকরা ৪ ভাগ ও ৬ ভাগ ধরে মেধাতালিকা তৈরি করা হবে। ভর্তি পরীক্ষার সময় থাকবে দু'ঘণ্টা। একই খাতায় সংশ্লিষ্ট অনার্স বিষয়, বাংলা ও ইংরেজীর উত্তর আলাদা আলাদাভাবে লিখতে হবে। প্রত্যেক কলেজ সুবিধামতো সময়ে পরীক্ষা গ্রহণ করবে। তবে বুয়েট, মেডিক্যাল ও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি শেষ হবার পর অনার্স কলেজগুলো ভর্তি প্রক্রিয়া শুরু করবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয়ভাবে প্রত্যেক কলেজের ভর্তি প্রক্রিয়া মনিটর করবে। ভর্তি পরীক্ষার সময় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি উপস্থিত থাকবে। জানা যায়, অনার্স পড়ুয়াদের গুণগত মান নিশ্চিত করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয়ভাবে এ নতুন ভর্তি পদ্ধতি চালু করছে। ঈদের পর ১৭টি ভর্তি নীতিমালা সংশ্লিষ্ট কলেজগুলোতে পাঠিয়ে দেয়া হবে।